

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২

খোয়াই, ৬ জুন, ২০২৪

খোয়াইয়ে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন

খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজের উদ্যোগে কলেজের অডিটোরিয়ামে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে এক সেমিনার ও বৃক্ষ রোপনের আয়োজন করা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের টিচার কাউন্সিলের সেক্রেটারি ড. বাবুরাম স্বামী ও অধ্যাপিকা ড. মধুমিতা ভৌমিক। অতিথিগণ পরিবেশ দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যাপিকা অনামিকা দাস। অনুষ্ঠান শেষে অতিথিগণ কলেজ চত্বরে বিভিন্ন প্রজাতির বৃক্ষরোপন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ড. খোকন মজুমদার।
